



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
 বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
 রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থতলা)
 ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
 www.ntrca.gov.bd



স্মারক নং- ৩৭.০৫.০০০০.০১১.০১.০০১.২১-৬

তারিখ:

০৬ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ

২০ জানুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় : নিয়োগের জন্য প্রার্থীর অনুকূলে সুপারিশ পত্র প্রেরণ।

সূত্র : (১) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৩.০৪.০১২.১৭- ৩২৪
 তারিখ: ২৯/০৭/২০২১
 (২) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৩.১০১.১৯.২১ (অংশ-১)-১২
 তারিখ: ১৭/০১/২০২২

শিক্ষা মন্ত্রণালয়ের ৩০ ডিসেম্বর ২০১৫ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫ (অংশ)-১০৮১ সংখ্যক স্মারকের পরিপত্রের ৪.০ ও ৫.০ নং অনুচ্ছেদ অনুযায়ী নিম্নে বর্ণিত প্রতিষ্ঠানের প্রদত্ত চাহিদাকৃত পদের বিপরীতে প্রাপ্ত আবেদনসমূহ সরকারি নীতিমালা অনুসরণপূর্বক মেধাক্রম অনুযায়ী কম্পিউটার সিস্টেমের মাধ্যমে যাচাই বাছাই করে নিয়োগযোগ্য নিয়োগ প্রাপ্ত পদের বিপরীতে নিম্নে উল্লিখিত প্রার্থীকে সূত্রোক্ত স্মারকসমূহের নির্দেশনার আলোকে পুলিশ ভেরিফিকেশন চলমান অবস্থায় নিম্নবর্ণিত শর্তে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য সুপারিশ করা হলো:

Post Type: MPO
Post: Junior Moulabi
Subject: 1. Quran & Tasbid / Fikah
& Arabic


Name: MAHMUDA AKTER,
Batch: 10, Roll: 20204354



Institute Name: SHAIL JANI ALIM MADRASAH
Institute's Division: DHAKA, District: KISHOREGANJ, Upazilla/Thana: PAKUNDIA

শর্ত সমূহ:

- ১। নিয়োগ সুপারিশপত্র প্রার্থীর ব্যাপারে পুলিশ/নিরাপত্তা ভেরিফিকেশন কার্যক্রম সংশ্লিষ্ট এজেন্সি কর্তৃক ভেরিফিকেশনে কোনো বিরূপ মন্তব্য/আপত্তি উত্থাপিত হলে অবিলম্বে উক্ত সুপারিশপত্র বাতিল বলে গণ্য হবে।
- ২। বিরূপ মন্তব্য সম্পন্ন প্রার্থী/ শিক্ষককে অব্যাহতি দেয়ার জন্য এনটিআরসিএ থেকে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান ও প্রার্থীকে অবহিত করা হবে।
- ৩। সুপারিশকৃত প্রার্থীকে আগামী ২০.০২.২০২২ তারিখের মধ্যে নিয়োগ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে সুপারিশকৃত প্রার্থীকে কোন যৌক্তিক কারণ ছাড়া যোগদান না করলে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জনবল কাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০২১ এর ১৮ (ঘ) অনুচ্ছেদে বর্ণিত নিয়ম অনুসারে প্রতিষ্ঠান প্রধান এবং কমিটির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৪। প্রার্থী যোগদানের নির্ধারিত তারিখের পরবর্তী ৭ দিনের মধ্যে প্রতিষ্ঠান প্রধানগণ টেলিটকের <http://ngi.teletalk.com.bd> লিংকে প্রবেশ করে **Joining Status** অপশনে **"Yes"** ক্লিক করবেন। যোগদান না করলে **"No"** ক্লিক করে **Reason** উল্লেখ করতে হবে।
- ৫। সুপারিশকৃত প্রার্থীকে নিয়োগপত্র প্রদানের পূর্বে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে শিক্ষা মন্ত্রণালয় থেকে সর্বশেষ জারিকৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০২১, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা- ২০১৮ (২৩ নভেম্বর, ২০২০ পর্যন্ত সংশোধিত) এবং বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ [ভোকেশনাল, ব্যবসায় ব্যবস্থাপনা (বিএম), কৃষি ডিপ্লোমা ও মৎস্য ডিপ্লোমা] (২৩ নভেম্বর, ২০২০ পর্যন্ত সংশোধিত) অনুযায়ী প্রার্থীর কাম্য শিক্ষাগত যোগ্যতার সকল সনদের মূল কপির সঠিকতা আবশ্যিকভাবে যাচাই করতে হবে। যাচাইকালে সুপারিশকৃত প্রার্থীর সনদ যথাযথ নয় মর্মে প্রতিষ্ঠান প্রধানের কাছে প্রমাণিত হলে তিনি সুপারিশকৃত প্রার্থীর নিয়োগ স্থগিত রেখে পরবর্তী সিদ্ধান্তের জন্য বিষয়টি অনতিবিলম্বে জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে লিখিতভাবে এনটিআরসিএ-কে অবহিত করবেন।
- ৬। চাহিদাপত্র প্রদানে ভুল তথ্যের কারণে অথবা প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার সকল সনদের মূলকপি যাচাই না করার কারণে কিংবা পরবর্তীতে কোন জটিলতার কারণে কোন মামলা/আইনগত জটিলতা সৃষ্টি হলে সে বিষয়ে সকল দায়দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে এবং এক্ষেত্রে কোন ভাবেই এনটিআরসিএ-কে দায়ী করা যাবে না।
- ৭। কোন প্রার্থী তার আবেদনে অসত্য তথ্য প্রদান করলে, সেক্ষেত্রে নিয়োগের এ সুপারিশ বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৮। এ সুপারিশ স্থগিত/বাতিল করার অধিকার এনটিআরসিএ সংরক্ষণ করে।


20 জ্যু 22 স্টিফান

প্রাপক
অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার।

এ বি এম শওকত ইকবাল শাহীন (যুগ্মসচিব)
সদস্য (শিক্ষাতন্ত্র ও শিক্ষামান)
এনটিআরসিএ, ঢাকা।
ফোন : ৪১০৩০০৪৭

অনুলিপি:

১. সভাপতি, গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি।
২. সংশ্লিষ্ট প্রার্থী।